সংবাদ

তারিখ 09 NOV 2017
পৃঃ ... কলাম ...

# রাজশাহী মেডিকেল ভার্সিটির একাডেমিক কার্যক্রম শুরু

**প্রতিনিধি, রাজশাহী**

রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ও একাডেমিক কার্যক্রম অস্থায়ী কার্যালয়ে আনুষ্ঠানিকভাবে শুরু হয়েছে। গতকাল মঙ্গলবার সকালে অস্থায়ী কার্যালয়ের সভা কক্ষে 'রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও চিকিৎসা কার্যক্রম দ্রুত বাস্তবায়ন এবং রাজশাহী, রংপুর ও খুলনা বিভাগের সকল সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ, ডেন্টাল কলেজ, নার্সিং কলেজ বা ইনস্টিটিউটসমূহ মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অধিনে অধিভুক্তকরণ' শীর্ষক এক মতবিনিময় সভার মাধ্যমে এ কার্যক্রম শুরু হয়।

রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ডা. মাসুম হাবিবের সভাপতিত্বে মতবিনিময় সভায় রাজশাহী বিএমএ'র সভাপতি প্রফেসর ডা. এবি সিদ্দিকী, সাধারণ সম্পাদক ডা. নওশাদ আলী, রাজশাহী মেডিকেল কলেজের অধ্যক্ষ প্রফেসর ডা. আনোয়ার হাবিব, উপাধ্যক্ষ ডা. মহিবুল হাসান, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল জামিলুর রহমান, পরিচালক (স্বাস্থ্য), ডা. আবদুস সোবহান, স্বাধীনতা চিকিৎসক পরিষদের কেন্দ্রীয় সহসভাপতি ডা. তবিবুর রহমান শেখসহ রংপুর ও খুলনা বিভাগের সকল চিকিৎসা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অধ্যক্ষগণ উপস্থিত ছিলেন।

সভায় উপাচার্য বলেন, 'বাংলাদেশের চিকিৎসা শিক্ষা ও চিকিৎসা সেবা কার্যক্রম উন্নয়ন এবং সম্প্রসারণের রূপকার প্রধানমন্ত্রী শেখ হাসিনার অন্যতম যুগান্তকারী পদক্ষেপ হলো রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপন। চিকিৎসা শিক্ষা কার্যক্রমের উন্নয়ন, যুগোপযোগী নতুন কোর্স সংযোজন ও গবেষণার পথ প্রশস্ত করতে এ মেডিকেল বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম বাস্তবায়নে প্রধানমন্ত্রীর সুস্পষ্ট নির্দেশনা রয়েছে। এ লক্ষ্যে রাজশাহী, রংপুর ও খুলনা বিভাগের সব সরকারি ও বেসরকারি মেডিকেল, ডেন্টাল কলেজ, নার্সিং কলেজ বা ইনস্টিটিউট বা অন্য কোন মেডিকেল প্রতিষ্ঠানসমূহ ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ হতে রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অধিনে অধিভুক্তির জন্য স্বাস্থ্য মন্ত্রণালয় ইতোমধ্যে পরিপত্র জারি করেছে। সে অনুযায়ী শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম শুরু হচ্ছে। সভায় উপাচার্য আরও বলেন, মূল ক্যাম্পাসের জন্য রাজশাহী মহনগরীর বড়বনগ্রাম মৌজায় ৮৬ একরের অধিক জমি অধিগ্রহণের প্রক্রিয়া চলছে। জমি অধিগ্রহণ শেষ হলে প্রধানমন্ত্রী এ বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন।' তিনি বলেন, 'আমি প্রধানমন্ত্রীর নির্দেশ বাস্তবায়নে স্বচ্ছতা ও জবাবদিহিতার ব্যাপারে কমিটেড।'

সভায় উপস্থিত মেডিকেল শিক্ষা ও চিকিৎসা প্রতিষ্ঠান প্রধানগণ রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার মাধ্যমে সংশ্লিষ্টদের হয়রানি ও নিপীড়নের হাত থেকে রক্ষার জন্য জন্য প্রধানমন্ত্রীকে আন্তরিক ধন্যবাদ জানান। এছাড়া তারা সব মেডিকেল শিক্ষাপ্রতিষ্ঠানের সমান সুবিধা নিশ্চিত এবং ভবিষ্যতে মন্ত্রণালয়ের খোলস থেকে বেরিয়ে এ মেডিকেল বিশ্ববিদ্যালয়কে একটি স্বতন্ত্র স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে রূপান্তরে উদ্যোগ গ্রহণের জন্য উপাচার্যের প্রতি আহ্বান জানান। সভায় বিএমএ এবং স্বাচিপ রাজশাহী শাখার নেতৃবৃন্দ উপাচার্যকে অত্যন্ত দক্ষ, সৎ, নিষ্ঠাবান ও কর্ম তৎপর মন্তব্য করেন।